দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 16 MAR 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা বাতিল করুন

## সংবাদ সম্মেলনে অভিভাবক ফোরাম

■ ইত্তেফাক রিপোর্ট

পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা বাতিল এবং কোচিং বাণিজ্য নিষিদ্ধের দাবি জানিয়েছে অভিভাবকদের সংগঠন অভিভাবক ঐক্য ফোরাম। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ দাবি জানানো হয়।

সম্মেলনে সংগঠনের সভাপতি জিয়াউল কবির দুলু বলেন, শিক্ষাক্ষেত্রে অনিয়ম-দুর্নীতি, অবৈধ ভর্তি কোচিং ও শিক্ষা বাণিজ্য মহামারী রূপ নিয়েছে। নামকরা অনেক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নীতিমালা উপেক্ষা করে টাকার বিনিময়ে ছাত্র-ছাত্রী ভর্তি করানোর অভিযোগ উঠছে। বিভিন্ন যুক্তি তুলে তিনি আইনের মাধ্যমে কোচিং এবং শিক্ষা বাণিজ্য নিষিদ্ধের দাবি জানান।

জিয়াউল কবির বলেন, সরকার কোচিং বাণিজ্য বন্ধে একটি নীতিমালা জারি করলেও এই নীতিমালা মোটেই বাস্তবায়ন হচ্ছে না। অন্যদিকে এই নীতিমালার মাধ্যমে শিক্ষকদের কোচিং করার নৈতিক অধিকার দেয়া হয়েছে, যার প্রতিবাদ জানিয়ে আসছেন অভিভাবকরা।

তিনি বলেন, রাজধানীসহ দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা নিজ স্কুলের শিক্ষার্থীদের প্রাইভেট- কোচিং করাচ্ছেন। অথচ নীতিমালা বলা আছে, নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের প্রাইভেট পড়ানো যাবে না। এ অনিয়মগুলো শিক্ষামন্ত্রণালয় ও শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের গোচরে এলেও সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়া হচ্ছে না। সম্মেলনের শেষে কর্মসূচি ঘোষণা করা হয়।

কর্মসূচিগুলোর মধ্যে রয়েছে—আজ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান, ১৭ মার্চ থেকে ২৪ মার্চ স্কুলে স্কুলে গণসংযোগ ও লিফলেট বিতরণ, ২৫ মার্চ সকাল ১০টায় জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন, ২ এপ্রিল মতবিনিময় সভা।

সংবাদ সম্মেলনে সংগঠনের সাধারণ সম্পাদক আতিকুর রহমান, সহ-সভাপতি সেলিম উদ্দিন, ফাহিম উদ্দিন, সদস্য শওকত উল আলম, আব্দুস সোবাহান, সোহেলী আক্তার তানি প্রমুখ উপস্থিত ছিলেন।